গাংনীতে কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষণ ও উপকরণ বিতরণ

মেহেরপুরের গাংনীতে দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহয়তা প্রকল্প (ইরেস পো) ২য় পর্যায়ের আওতায় ১০০ জন্য শিক্ষার্থী নিয়ে গঠিত কিশোরী সংঘের সচেতনতা মূলক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকাল ১১টায় গাংনী উপজেলার জুগিন্দা মাধ্যমিক বিদ্যালয়ে সচেতনতা মূলক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল করিমের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমি খানম।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ধানখোলা ইউপি চেয়ারম্যান আব্দুর রাজ্জাক, গাংনী উপজেলা পল্লী উন্নয়ন অফিসার শাহ আলম,সহকারী পল্লী উন্নয়ন অফিসার সাব্বির আহম্মেদ,স্কুল ব্যবস্থপনা কমিটির সভাপতি সহ বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকা উপস্থিত ছিলেন।

প্রশিক্ষণে বাল্য বিবাহের কুফল, ইভটিজিং হলে করনীয়, যৌতুক প্রতিরোধে করনীয়সহ নানা সচেতনামূলক বিষয়ে আলোচনা ও কিশোরী সংঘের কিশোরীদের মাঝে স্যানেটারি ন্যাপকিন সহ শিক্ষা উপকরণ বিতরণ করা হয়।

গাংনীতে জাতীয় ইমাম সমিতির পক্ষ থেকে বন্যার্ত মানুষের সহায়তায় অর্থ সংগ্রহ শুরু

সিলেট,সুনামগঞ্জসহ বন্যার্ত ও বানভাসি মানুষের পাশে দাঁড়াতে মেহেরপুরের গাংনী উপজেলায় ত্রাণ তহবিল সংগ্রহ কার্যক্রম শুরু

করেছেন জাতীয় ইমাম সমিতির গাংনী উপজেলা কমিটি।

এ কমিটির তত্ত্বাবধানে গাংনী উপজেলা সকল মসজিদ, বিভিন্ন প্রতিষ্ঠান, বাজার, শিক্ষা প্রতিষ্ঠান ও গুরুপূর্ণ স্থান থেকে তহবিল সংগ্রহের এই কার্যক্রম পরিচালিত হবে। মহৎ এই উদ্যোগে সকলকে স্বতঃস্ফূর্ত ভাবে সাধ্য অনুযায়ী আর্থিক সহায়তা করে বন্যার্ত মানুষের পাশে দাঁড়ানোর আহ্বান জানিয়েছেন জাতীয় ইমাম সমিতির নেতৃবৃন্দ।

বুধবার সন্ধ্যায় গাংনী বাজার মসজিদে অর্থ সংগ্রহের বিষয়ে বিবৃতি পেশ করেন উপজেলা ইমাম সমিতির সভাপতি মাওঃ হাফেজ মোঃ রুহুল আমিন। উপজেলা মসজিদের পেশ ইমাম ও উপজেলা কমিটির সাধারণ সম্পাদক ইলিয়াস হুসাইন, সহ সভাপতি মাও. সাইফ উল্লাহ, ওয়ায়েস কুরুনি সদস্য আব্দুর রহমান ও বিশিষ্ট ব্যবসায়ী সালাউদ্দিন আহম্মেদ এসময় উপস্থিত ছিলেন। বিভিন্ন জনপূর্ণ স্থানে সহায়তা বক্◌্র স্থাপন করা হয়েছে। যে যার মত সহায়তার দাবী জানান এসকল নেতৃবৃন্দ।

গ্রাম ও শহর এবং দেশের বাইরে থাকা প্রবাসীরা সাধ্যমত সহযোগিতার হাত বাড়িয়ে দেন তাহলে বিপদগ্রস্থ পানিবন্দি মানুষের দুর্দশা লাঘব হবে। মানবতা মানবিক কারণে হলেও তাদের পাশে থাকা উচিত বলেও জানান ইমাম সমিতির নেতৃবৃন্দ। সকলের দেয়া সহযোগীতা পৌছে যাবে বন্যার্ত মানুষের দুয়ারে।

দেশ বিদেশ থেকে যে নাম্বারে সহায়তা পাঠাবেন তা হলো-বিকাশ নম্বর ০১৯১৮৬০৫০৯৫-০১৭২৩৬৮০৫৯৬।

গাংনীতে হুইল চেয়ার, সেলাই মেশিন ও ফুটবল বিতরণ

প্রয়াত ছাত্রলীগ নেতা কামরুজ্জামান বুড়ো স্মৃতি ফাউন্ডেশনের উদ্যোগে প্রতিবন্ধীদের মাঝে হুইল চেয়ার ,অসহায় কর্মঠ প্রশিক্ষিত নারীদের মাঝে সেলাই মেশিন এবং যুব সমাজকে মাদক থেকে দুরে রাখতে যুবক ও তরুনদের মাঝে ফুটবর বিতরণ করা হয়েছে।

বুধবার বিকেলে জেলা ছাত্রলীগের সাবেক সহ সভাপতি ও প্রয়াত কামরুজ্জামান বুড়োর ভাগ্নে সাইফুজ্জামান শিপু তার কার্যালয়ের সামনে এক বর্ণাঢ্য অনুষ্ঠানের আয়োজন করেন।

মোঃ জিয়াউল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর -২ আসনের সংসদ সদস্য ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

সাইফুজ্জামান শিপুর সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে প্রয়াত কামরুজ্জামান বুড়োর স্মৃতিচারণ মুলক বক্তব্য রাখেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মকলেছুর রহমান মুকুল, গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা আব্দুর রাজ্জাক, এমপি পত্নী লাইলা আরজুমান শিলা,উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, উপজেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মাস্টার ও যুবলীগ নেতা রাহিবুল ইসলাম প্রমুখ।

গাংনী উপজেলা পর্যায়ে বঙ্গবন্ধু, বঙ্গমাতা গোল্ডকাপ ফুটবল টূর্ণামেন্টের উদ্বোধন

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান গোল্ডকাপ ফুটবল টূর্ণামেন্ট ও বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিব গোল্ড কাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট উপজেলা পর্যায়ের খেলার উদ্বোধন করা হয়েছে।

গাংনী মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয় মাঠে আজ বুধবার (২২ জুন) সকালে গাংনী উপজেলা পর্যায়ে এ টূর্ণামেন্টের উদ্বোধন করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি)মোঃ নাজমুল আলম।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক

এম,এ খালেক। বিশেষ অতিথির বক্তব্য রাখেন গাংনী পৌর সভার মেয়র আহম্মেদ আলী, স্বাগত বক্তব্য রাখেন গাংনী উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার মোঃ সামসুজ্জোহা।

গাংনী মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ পারভেজ সাজ্জাদ রাজা খেলাটি উপস্থাপনা করেন।

উদ্বোধনী খেলায় সাহারবাটি ইউনিয়নের হিজলবাড়িয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের দলে নির্ধারিত বয়সের তুলনায় বেশী বয়স্ক খেলোয়ার থাকায় তার গাংনী পৌর সভার থানাপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সাথে খেলা না খেলায় উপজেলা আয়োজক কমিটি থানাপাড়া সরকারী প্রাথমিক দলকে বিজয়ী ঘোষণা করেন।

এছাড়া বালিকা পর্যায়ের গাংনী পৌর সভার মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয় দলকে ২-০ গোলে পরাজিত করে সেমিফাইনাল খেলার যোগ্যতা অর্জন করেছে সাহারবাটি ইউনিয়নের হিজলবাড়িয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের বালিকা টিম।

গাংনীতে সমবায়ীদের অংশগ্রহণে দিনব্যাপী যৌথসভা ও ই-প্রশিক্ষণ কর্মশালা

সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি প্রকল্প ৩য় পর্যায়ে সমবায়ীদের অংশগ্রহণে দিনব্যাপী যৌথসভা ও ই-প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হযয়েছে।

আজ বুধবার (২২ জুন) সকালের দিকে গাংনী উপজেলা পরিষদ সভাকক্ষে দিনব্যাপি এ প্রশিক্ষণ কর্মশালা ও জৌথসভা অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা সমবায় অফিসের আয়োজনে প্রশিক্ষণে প্রধান অতিথিরি বক্তব্য রাখেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক।

গাংনী উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক মন্টুর সভাপতিত্বে

অনুষ্ঠিত এ কর্মশালায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা সমবায় অফিসের উপ সহকারী নিবন্ধক এনামুল হক ।

প্রশিক্ষণে বিভিন্ন সমবায় সমিতির ৬০ জন সদস্য অংশগ্রহণ করেন।

অতিবৃষ্টির ফলে সৃষ্ঠ জলাবদ্ধতায় নাকাল বামন্দীবাসি

গত কয়েকদিনের লাগাতার অতিবৃষ্টির ফলে সৃষ্ঠ জলাবদ্ধতা বামন্দী এলাকার অধিকাংশই তলিয়ে গেছে। বামন্দী বাজার, সিনেমাহল পাড়া, প্রাইমারী স্কুলপাড়ার জলাবদ্ধতা মানুষের নিত্যদিনের সঙ্গী হয়েছে। গত ৩দিন ধরে জলাবদ্ধতা ভযাবহ রূপ ধারন করেছে।

এলাকার বাড়িগুলোর উঠানে পানি প্রবেশ করেছে। অনেকেরই ঘরের মধ্যেও এখন পানি। ফলে জলবদ্ধতায় নাকাল এখন বামন্দীবাসী।

এলাকাবাসীরা জানিয়েছেন, বামন্দীর রাস্তাগুলো উচু করা হলেও বাকি অংশটুকু নিচুই রয়ে গেছে। যার ফলশ্রুতিতে নিচু অংশটিতে অতিরিক্ত পানি জমে ভয়াবহ অবস্থার সৃষ্টি করেছে। এত বিশাল এলাকার পানি নিষ্কাষনের কোনো পথ নেই। এখানকার পানি সরতে দুই আড়াইমাস সময় লেগে যায়। ফলে অবর্ননীয় কষ্টে পড়েন বামন্দীবাসী।

এলাকাবাসীর অভিযোগ, রাস্তার উচ্চতা বৃদ্ধি করায় অনেক ভবনের নীচতলা নিচু হয়ে যায়। প্রতি বছর বর্ষা মৌসুমে এখানকার জলাবদ্ধতা মানুষকে অবর্ণনীয় দূর্ভোগে ফেলে।

দ্রুত এবিষয়ে ব্যবস্থা গ্রহন না করলে পানিবাহিত রোগজীবানুতে আক্রান্ত হয়ে পড়বেন এখানকার অভিবাসিরা।

এদিকে বর্ষা হলেই বামন্দী নিশিপুর স্কুল এন্ড কলেজে সৃষ্টি হয় জলাবদ্ধতা। যুগের পর যুগ পার হলেও হয় না কোন স্থায়ী সমাধান। আর বর্ষা মৌসুম এলেই জলাবদ্ধতা নিরসণের জন্য ব্যাপক অর্থ ব্যায় করতে হয় ড্রেনে । তবে স্থায়ী সমাধানের পথ কবে দেখবে এ নিয়ে প্রশ্ন স্থানীয়দের মাঝে।

এলাকাবাসী এ বিষয়ে মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন ও গাংনী উপজেলা নির্বাহী অফিসার দৃষ্টি আকর্ষণ করে দ্রুত ব্যবস্থা গ্রহনের অনুরোধ জানিয়েছেন।

মুজিবনগরে ঈদুল আযহা উপলক্ষে ভর্তুকি মূল্যে টিসিবির পণ্য বিক্রয়ের উদ্বোধন

পবিত্র ঈদুল আযহা উপলক্ষে সারা দেশে সরকারের নির্ধারিত ১ কোটি উপকারভোগী পরিবারের মাঝে টিসিবির পণ্য ২কেজি ডাল,১কেজি চিনি এবং ২ লিটার করে সয়াবিন তেল ভর্তুকি মূল্যে বিক্রয়ের অংশহিসেবে মুজিবনগর উপজেলার মোনাখালী ইউনিয়ন পরিষদে টিসিবির পণ্য বিক্রয়ের উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে ।

বুধবার সকাল ১১টার দিকে মোনাখালী ইউনিয়ন পরিষদ চত্বরে জেলা প্রশাসনের আয়োজনে টিসিবি’র পণ্য বিক্রির উদ্বোধন করেন জেলা প্রশাসক ডঃ মোহাম্মদ মুনসুর আলম খান ।

উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক নাজমুল হুদা, উপজেলা পরিষদ চেয়ারম্যান জিয়া উদ্দিন বিশ্বাস, উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার, সহকারী কমিশনার ভূমি এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মাহমুদুল হাসান, উপজেলা ভাইস চেয়ারম্যান আলহাজ্ব রফিকুল ইসলাম মোল্লা, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ ওসি মেহেদী রাসেল, মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, সমাজসেবা অফিসার আব্দুর রব, মোনাখালী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম রফা, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মফিজুর রহমান মাফিজ সহ ইউনিয়ন পরিষদের সদস্য গন উপস্থিত ছিলেন। ভর্তুকি মূল্যের টিসিবি’র পণ্য প্রথম দিনে মোনাখালী ইউনিয়নে ১৫ শ পরিবারের মধ্যে ৫’শ টি পরিবারের কাছে বিক্রি করা হবে এবং পর্যায় ক্রমে ইউনিয়নের সকল উপকার ভোগী এবং উপজেলার প্রত্যেক ইউনিয়নের উপকার ভোগীদের মাঝে বিক্রয় করা হবে।

মেহেরপুর শহরে অনিরাপদ ও মানহীন খাদ্য জব্দ

অনিরাপদ ও মানহীন খাদ্য এবং স্প্রিড ও রোবট নামের কোমল পানীয় আটক করে ধ্বংস করা হয়েছে।

আজ বুধবার (২২ জুন) সকালের দিকে মেহেরপুর সদর উপজেলা স্বাস্থ্য পরিদর্শক তারিকুল ইসলামের নেতৃত্বে বেড়পাড়া এলাকায় একটি পরিবেশক কাভার্ড ভ্যানে তল্লাশী করে মানহীন বিভিন্ন শিশু খাদ্য, অনিরাপদ কোমল পানীয় স্পিড ও রোবট উদ্ধার করেন।

মেহেরপুর শহরের ৩ নং ওয়ার্ডের মিনার হোসেনের ছেলে পলাশ কাভার্ড ভ্যানের ভিতরে তল্লাশী চালিয়ে এসব পণ্য জব্দ করেন তিনি।

পরে ওই সব পণ্য ঘটনাস্থলেই পুড়িয়ে ধ্বংশ করা হয়।

পদ্মা সেতু আমাদের জাতীয় সক্ষমতার প্রতীক

বহু বাধা-বিপত্তি পেরিয়ে, মানবসৃষ্ট ও প্রাকৃতিক বিভিন্ন চ্যালেঞ্জ মোকাবিলা করেই আমাদের স্বপ্নের মিনার যে পদ্মা সেতু তার কাজ শেষ হয়েছে। পদ্মা সেতুর উদ্বোধনের অপেক্ষায় উন্মুখ হয়ে ক্ষণ গণনা করছেন এদেশের আপামর জনতা। নানা প্রতিবন্ধকতা পেরিয়ে বাস্তবে রূপায়িত হওয়া এই স্বপ্নের প্রকল্পটি কেবল সামষ্টিক অর্থনৈতিক বিবেচনায় গুরুত্বপূর্ণ অবকাঠামোই নয়। একে বলতে হবে আমাদের জাতীয় সক্ষমতার অনন্য প্রতীক। কোটি কোটি বাঙালির মনে মনে থাকা ‘আমরাই পারি’- এই শব্দযুগলের মূর্ত প্রতীক হয়েই যেন দাঁড়িয়ে আছে সদ্যসমাপ্ত পদ্মা সেতু। এই প্রকল্প বাস্তবায়নে

দক্ষিণাঞ্চলে কিছু সরকারি অফিস (যেমন বিআরটিএ) নিয়ে যেতে পারি। বিশ্ববিদ্যালয়, হাসপাতাল, বিমান বন্দর, আন্তর্জাতিক কনভেনশন হল গড়ে তোলার উদ্যোগ নিশ্চয় আমরা নিতে পারি। এর ফলে ঢাকার ওপর বাড়তি নগরায়নের চাপ কমবে। সেজন্য ফরিদপুর (পদ্মা বিভাগ) সহ বিভাগীয় শহরগুলোকে আধুনিক নগর হিসেবে গড়ে তুলতে পারি। এ অঞ্চলে শিল্পায়ন, শিক্ষা ও প্রশিক্ষণকেন্দ্র গড়ে তোলার জন্য স্টার্টআপ তহবিলসহ বিশেষ কর সুবিধে ও অর্থায়নের সুযোগ অবশ্যি দিতে পারি।

নিঃসন্দেহে পদ্মা সেতু আমাদের অন্তর্ভুক্তিমূলক উন্নয়নের পথনকশায় এক নতুন আশা-সঞ্চারি মাইলফলক। পদ্মাসেতু আমাদের অহংকার ও মর্যাদার প্রতীক। বিশ্বাসের আত্মশক্তির প্রতীক। ‘আমরাও পারি’ আত্মবিশ্বাসের প্রতিচ্ছবি। এই সেতুর সাথে বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনার সাহসী নেতৃত্বের ছোঁয়া লেগে আছে। এই বন্ধন যুগে যুগে আরও পোক্ত হবে। বিরাট হবে। বিশ্ব অর্থনৈতিক সংকটের এই দুঃসময়ে পদ্মাসেতুর উদ্বোধন বাংলাদেশের উন্নয়ন অভিযাত্রার এক নয়া বার্তা দেবে বিশ্বকে। আন্তর্জাতিক অর্থনীতির টালমাটাল অবস্থাতে আমাদের সামনেও নতুন নতুন চ্যালেঞ্জ হাজির হচ্ছে। করোনা সঙ্কট এখনও পুরোপুরি কাটেনি। দেশব্যাপি খাদ্য মূল্যবৃদ্ধির চাপ রয়েছে। এর মধ্যে বন্যার আশঙ্কাও দেখা দিচ্ছে। এতো সব চ্যালেঞ্জ মোকাবিলা করেও আমরা অল্প সময়ের মধ্যে আনুষ্ঠানিকভাবে উন্নয়নশীল দেশের কাতারে যুক্ত হবার সম্ভাবনা দেখতে পাচ্ছি। স্বপ্ন দেখছি দুই দশকেরও কম সময়ের মধ্যে উচ্চ আয়ের দেশে রূপান্তরের। এমন সাহসের পেছনে কাজ করছে এদেশের পরিশ্রমী মানুষ আর অর্থনৈতিক সক্ষমতার ট্র্যাক রেকর্ড। সেই জাতীয় শক্তিরই প্রতীক এই পদ্মা সেতু। এই স্বপ্নের সেতুটি থেকে আমরা প্রজন্ম থেকে প্রজন্মান্তরে বাধা পেড়িয়ে সফল হওয়ার অনুপ্রেরণা পাবো।

লেখক: ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক বঙ্গবন্ধু চেয়ার অধ্যাপক ও সাবেক গভর্নর, বাংলাদেশ ব্যাংক।

গাংনী থানা পুলিশের অভিযানে ২ জন গ্রেফতার

গাংনী থানা পুলিশ অভিযান চালিয়ে নিয়মিত মামলায় দুই আসামী গ্রেফতার করেছে।

মঙ্গলবার দিবাগত রাতে অভিযন চালিয়ে এদের গ্রেফতার করা হয়। গাংনী থানার ডিউটি অফিসার এসআই জাহাঙ্গীর আলম এ তথ্য নিশ্চিত করেছেন।

এদিকে গত ২৪ ঘন্টায় গাংনী, মুজিবনগর ও সদর থানায় পৃথক ঘটনায় তিনটি মামলা এফআইআরভুক্ত হয়েছে বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে। গ্রেফতারকৃতদের আজ বুধবার (২২ জুন) সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।